



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

রুবীরহাট সরকারি উচ্চ বিদ্যালয়

স্থাপিতঃ ১৯৭০

পাঁচবাড়ীয়া, সোনাইমুড়ী, নোয়াখালী।

EIIN NO: 107364



Board Code: 6130

Phone: 01716688190, E-mail: rbbhshm1970@gmail.com, Web: www.rbbghs.edu.bd

নোটিশ নং-৫১

তারিখঃ ২০/০৯/২০২৬ খ্রি.

নোটিশ

অত্র বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিকাশ/নগদ/মোবাইল ব্যাংকিং প্রতারকচক্র বিদ্যালয়ের কথা বলে বা বিদ্যালয়ের শিক্ষকদের নাম করে ফোন দিয়ে উপবৃত্তির টাকা আসছে বা বিকাশ/নগদ/মোবাইল ব্যাংকিং নাম্বর লক হয়ে গেছে বলে তোমাদের অভিভাবকদের কাছ থেকে বিভিন্ন কৌশলে বিকাশ/নগদ/মোবাইল ব্যাংকিং এর পিন নম্বর সহ ব্যক্তিগত অনেক তথ্য হাতিয়ে নিচ্ছে এমন তথ্য বিদ্যালয় কর্তৃপক্ষ জানতে পেরেছে।

তাই উক্ত বিষয়ে সকলকে সতর্ক করা যাচ্ছে যে, বিদ্যালয়ের কোন শিক্ষক এমন কোন ফোন দেয়নি বা দেয় না। এমন কোন ফোন পেলে উক্ত ফোন রিসিভ না করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে বা রিসিভ করলেও যদি এমন কোন তথ্য (যেমন- নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, এনআইডি নং, বিকাশ/নগদ নম্বর, বিকাশ/নগদ এর পিন নম্বর ও কোন সংখ্যার যোগফল ইত্যাদি) চায় তবে ফোন কেটে দেয়া বা তাদের সাথে কোন তথ্য শেয়ার না করার জন্য জোরালো ভাবে পরামর্শ দেয়া যাচ্ছে।

প্রয়োজনে এমন কোন ফোন পেলে কোন তথ্য শেয়ার না করে তোমার শ্রেণি শিক্ষককে ফোন দিয়ে নিশ্চিত হওয়ার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

প্রতারকদের নাম্বারের নমুনা নিম্নরূপঃ

+8809638707489

+8809658384051

+8809678798404

উক্ত এমন কোন নাম্বর অথবা নাম্বারের শুরুতে দেখলে +88096 থাকলে নাম্বার সমূহের কল রিসিভ না করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

বিদ্যালয় কর্তৃপক্ষ